# গাজায় যুদ্ধ চললে সেপ্টেম্বরে ফিলিস্তিনকে স্বীকৃতি দেবে যুক্তরাজ্য



সংগৃহীত ছবি

গাজায় ইসরায়েলের চলমান আগ্রাসন বন্ধ না হলে ও নির্ধারিত শর্ত পূরণে ব্যর্থ হলে সেপ্টেম্বরে জাতিসংঘের অধিবেশনের আগেই ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার ইঙ্গিত দিয়েছেন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ার স্টার্মার। তার মতে, দ্বিরাষ্ট্র ভিত্তিক সমাধানেই রয়েছে টেকসই শান্তির পথ।

গাজায় ইসরায়েলের দখলদারিত্ব, হামলা ও পশ্চিমতীরে ভূমি দখল বন্ধ না হলে এবং যুদ্ধবিরতির বিষয়ে সুনির্দিষ্ট প্রতিশ্রুতি না মিললে সেপ্টেম্বরে ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেবে যুক্তরাজ্য। এমন হুঁশিয়ারি দিয়েছেন প্রধানমন্ত্রী কিয়ার স্টার্মার।

তিনি জানান, জাতিসংঘের আসন্ন সাধারণ অধিবেশনের আগেই পরিস্থিতি মূল্যায়ন করে যুক্তরাজ্য চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। সেপ্টেম্বরেই বিষয়টি আবারও পর্যালোচনা করা হবে।

স্টার্মার স্পষ্ট করে বলেন, হামাস ও ইসরায়েলকে একই পাল্লায় মাপা যুক্তিযুক্ত নয়। হামাসকে ফিলিস্তিনের প্রতিনিধিত্বকারী দল হিসেবে বিবেচনা করে না যুক্তরাজ্য। তবে তিনি হামাসের প্রতি আহ্বান জানান, যেন তারা ইসরায়েলি জিম্মিদের মুক্তি দেয় এবং যুদ্ধবিরতির চুক্তিতে সম্মত হয়।

তিনি আরও বলেন, যুদ্ধশেষে হামাস গাজা শাসনে কোনোভাবেই অংশ নিতে পারবে না। যুক্তরাজ্যের অবস্থান হলো—একটি স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রের পাশাপাশি একটি নিরাপদ ও টেকসই ইসরায়েল রাষ্ট্রের সহাবস্থান নিশ্চিত করা।

সূত্র: বিবিসি